

1. হাসপাতালে বহিঃবিভাগে আগত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।
2. হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা।
3. জরুরী বিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করা।
4. সকাল ৮.০০ ঘটিকা হইতে দুপুর ২.৫০ পর্যন্ত বহিঃবিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবা দেওয়া হয়।
5. ল্যাবরেটরীতে বিভিন্ন ধরণের পরীক্ষা করা হয়।
6. এক্স-রে করা হয়।
7. ভর্তি রোগীদের ২৪ ঘণ্টা চিকিৎসা সেবা দেওয়া হয়।
8. জরুরী বিভাগে কর্তব্যরত কর্মকর্তা-কর্মচারীগণ ২৪ ঘণ্টা চিকিৎসা সেবা দিয়ে থাকেন।
9. ভর্তি রোগীদের বিনামূল্যে তিন বেলা খাবার সরবরাহ করা হয়।
10. বিনামূল্যে টিকা প্রদান করা হয়।
11. যক্ষ্মারোগীদের বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হয়।
12. ডায়রিয়া আক্রান্ত রোগীদের খাবার স্যালাইন খাওয়ানো হয়ে থাকে।
13. মাসিক রোগীদের প্রতিবেদন প্রদানসহ অন্যান্য প্রতিবেদন নিয়মিত ভাবে উর্ধ্বতন অফিসে প্রেরণ করা হয়।
14. নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং সুস্থ্য জাতি গঠনে নাজিরপুর হাসপাতালের সকল কর্মকর্তা-কর্মচারীরা সদা সর্বদা এবং তৎপর থাকায় প্রতিজ্ঞাবদ্ধ।



তথ্য আমার অধিকার জানা আছে কি সবার?

আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন অনুসারে খুব সহজে যে কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের তথ্য চেয়ে আবেদন করতে পারেন।

তথ্য পাওয়ার নিয়ম:

- যে কোন নাগরিক তথ্য অধিকার আইনে বর্ণিত সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারেন। আবেদনকারীকে ২০ কর্মদিবস, প্রযোজ্য ক্ষেত্রে ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রদান করতে হবে।
- আবেদনকারী ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পেলে পরবর্তী ৩০ দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর আপীল করতে পারেন।
- আপীল দায়েরের ১৫ দিনের মধ্যে আবেদনকারীকে তথ্য প্রদান অথবা আপীল নিষ্পত্তি করতে হবে।
- আপীল করে তথ্য না পাওয়া গেলে অথবা আপীল আদেশে সন্তুষ্ট হলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।
- যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহণ না করেন, সে ক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।

তথ্য অধিকার আইন ব্যবহার করে দুর্নীতি হ্রাস ও স্বচ্ছতা,
জবাবদিহি এবং সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়